

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৫৭৫

৩৫/ সুন্নাহ (كتاب السنة)

পরিচ্ছেদঃ ৯. খিলাফাত সম্পর্কে।

باب فِي الْخُلَفَاءِ

আরবী

حَدَّثَنَا سَوَّارُ بْنُ عَبْدِ اللَّهِ، حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ سَعِيدٍ، عَنْ سَعِيدِ بْنِ جُمْهَانَ، عَنْ سَفِينَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " خِلاَفَةُ النُّبُوَّةِ ثَلاَثُونَ سَنَةً ثُمَّ يُوْتِي اللَّهُ الْمُلْكَ _ أَوْ مُلْكَهُ _ مَنْ يَشَاءُ ". قَالَ سَعِيدٌ قَالَ لِي سَفِينَةُ أَمْسِكْ عَلَيْكَ أَبَا بَكْرٍ سَنَتَيْنِ وَعُمَرَ عَشْرًا وَعُثْمَانَ اثْنَتَىْ عَشْرَةَ وَعَلِيٌّ كَذَا . قَالَ سَعِيدٌ قُلْتُ لِسَفِينَةَ إِنَّ هَوُّلاَءِ يَعْنِي بَنِي يَرْعُمُونَ أَنَّ عَلِيًّا عَلَيْهِ السَّلاَمُ لَمْ يَكُنْ بِخَلِيفَةٍ . قَالَ كَذَبَتْ أَسْتَاهُ بَنِي الزَّرْقَاءِ يَعْنِي بَنِي مَرْوَانَ .

বাংলা

৪৫৭৫. সাওয়ার ইবন আবদুল্লাহ্ (রহঃ) সাফীনা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নবুওয়াতের খিলাফত এর সময়কাল হলো ত্রিশ বছর। এরপর আল্লাহ্ যাকে ইচ্ছা রাজত্ব বা বাদশাহী দান করবেন।

রাবী সাঈদ (রহঃ) বলেনঃ সাফীনা (রাঃ) আমাকে বলেনঃ তুমি হিসাব কর। আবূ বকর (রাঃ)-এর শাসনকাল হবে দু' বছর, উমর (রাঃ)-এর দশ বছর, উছমান (রাঃ)-এর বার বছর এবং আলী (রাঃ)-এর অর্থাৎ ছ'বছর।

রাবী সাঈদ বলেনঃ তখন আমি সাফীনা (রাঃ)-কে জিজ্ঞাসা করি যে, বনূ-মারওয়ান এরূপ ধারণা করে যে, আলী (রাঃ) খলীফাদের অন্তর্ভুক্ত নন। তিনি বলেনঃ বনু-মারওয়ানরা মিথ্যা বলেছে।

English

Narrated Safinah:

The Prophet (ﷺ) said: The Caliphate of Prophecy will last thirty years; then



Allah will give the Kingdom of His Kingdom to anyone He wills.

Sa'id told that Safinah said to him: Calculate Abu Bakr's caliphate as two years, 'Umar's as ten, 'Uthman's as twelve and 'Ali so and so. Sa'id said: I said to Safinah: They conceive that 'Ali was not a caliph. He replied: The buttocks of Marwan told a lie.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফীনাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন